

স্মারক নং-৩৮.০০.০০০০.০০৪.২৭. ০০৪.১৭-২১০

তারিখঃ ১৬ ভাদ্র ১৪২৪
৩১ আগস্ট ২০১৭

আদেশ

যেহেতু, এশরাত জাহান নিতু, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, সদর, গাইবান্ধা-এর বিরুদ্ধে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ (এ) ও ৩ (বি) অনুযায়ী অদক্ষতা ও অসদাচরণের অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণ করেন;

যেহেতু, তদন্ত প্রতিবেদন, বিভাগীয় মামলার অভিযোগনামা ও অভিযোগ বিবরণী, অভিযুক্ত কর্মকর্তার লিখিত জবাব শুনানীতে প্রদত্ত তথ্য প্রমাণাদি এবং বিভাগীয় মামলার রেকর্ডপত্র পর্যালোচনায় তাকে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল)বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(বি) উপবিধি মোতাবেক ০১ (এক) টি বার্ষিক বেতন বৃদ্ধি ০১ (এক) বছরের জন্য স্থগিত করা হয় এবং তিনি ভবিষ্যতে স্থগিতকৃত বেতনের বকেয়া প্রাপ্য হবেন না;

যেহেতু, তিনি যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সচিব মহোদয়ের বরাবর আপিল আবেদন করেন এবং তার আপিল শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, তার আপীল আবেদনের সংশ্লিষ্ট কাগজপত্র এবং শুনানীতে তার বক্তব্য পর্যালোচনা করে ০২/০৩/২০১৭ তারিখের ৩৮.১০৬.০২৭.০৭.০৮.১৭২.২০১৬-১০২ স্মারকের প্রজ্ঞাপনে তার উপর আরোপিত ০১ (এক) টি বার্ষিক বেতন বৃদ্ধি ০১ (এক) বছরের জন্য স্থগিত এর পরিবর্তে “তিরস্কার” দণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

সেহেতু, এশরাত জাহান নিতু, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, সদর, গাইবান্ধা-কে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(বি) উপবিধি মোতাবেক ০১ (এক) টি বার্ষিক বেতন বৃদ্ধি ০১ (এক) বছরের জন্য স্থগিত এর পরিবর্তে একই বিধিমালা ৪(২)(এ) উপবিধি মোতাবেক বিভাগীয় মামলায় “তিরস্কার” দণ্ড প্রদান করা হলো।

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।


রাষ্ট্রপতির আদেশক্রমে,
স্বাক্ষরিত/-
(মোহাম্মদ আসিফ-উজ-জামান)
সচিব

স্মারক নং-৩৮.০০.০০০০.০০৪.২৭. ০০৪.১৭-২১০

তারিখঃ ১৬ ভাদ্র ১৪২৪
৩১ আগস্ট ২০১৭

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

- ১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
- ২। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
(গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। বিভাগীয় উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, রংপুর বিভাগ, রংপুর।
- ৫। সিস্টেম এনালিস্ট, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৬। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, গাইবান্ধা
- ৭। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, গাইবান্ধা।
- ৮। এশরাত জাহান নিতু, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, সদর, গাইবান্ধা।
- ৯। অফিস কপি।


৩১.০৮.১৭

(সুলতানা রাজিয়া)
সিনিয়র সহকারী সচিব (তঃশৃঃ)
ফোন-৯৫৭৬৬৯১